# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৬ যখন কেউ মসজিদে প্রবেশ করে দেখতে পায় যে ইমাম সাহেব ইশা পড়ছেন, অথচ মসজিদে প্রবেশকারী মাগরিব পড়ে নি, তখন সে কী করবে?

বিশুদ্ধ মত হচ্ছে যে, তিনি ইমামের সাথে ইশার সালাতে প্রবেশ করবেন তবে তিনি নিয়্যত করবেন মাগরিবের সালাতের। এখানে ইমাম ও মুক্তাদীর মধ্যকার নিয়্যতের ভিন্নতা হলেও তাতে কোনো ক্ষতি নেই। সুতরাং যখন ইমাম সাহেব তিন রাকা'আত আদায় করে চতুর্থ রাকা'আতের জন্য দাঁড়াবেন, তখন মুক্তাদী বসে পড়বে এবং তাশাহহুদ পড়ে নিবে, আর এমতাবস্থায় তার জন্য দু'টি কাজের একটি করার এখতিয়ার থাকবে, হয় সে বসা অবস্থায় ইমামের অপেক্ষা করবে অতঃপর যখন ইমাম চতুর্থ রাকা'আত পড়ে এসে সালাম ফিরাবে তখন সেও সালাম ফিরাবে অথবা তার জন্য ইমামের পূর্বেই সালাম ফিরিয়ে ফেলা বৈধ হবে। আর এটি শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যা এর পছন্দনীয় মত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7303

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন